গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং স্বা:অধি:/বাজেট/ এমএসআর /২০২৬-২৭/০৫

তারিখঃ ১৫/০৭/২০২৬ খ্রি.

## অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অধিক্ষেত্রে অন্তর্গত পরিচালন বাজেটের আওতায় চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরে প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২১২-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহ (সকল), মেট্রো থানা স্বাস্থ্য কমপ্লেক্স ১টি, মডেল ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক ৮টি, বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র ২৩টি, নগর ঔষধালয় ৩৫টির অনুকূলে চিকিৎসা ও শৈল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ (অর্থনৈতিক কোড ৩২৫২১০৫) পথ্য (৩২৫২১০৪), পরিষ্কার পরিচ্ছন্নতা (৩২১১১০২), অন্যান্য মনিহারী (৩২৫৫১০৫) এবং আসবাবপত্র ক্রয় (৪১১২৩১৪) খাতসমূহে বাজেট সংস্থান অনুযায়ী নিম্নরূপ ভাবে বাৎসরিক নিয়মিত অর্থ বরাদ্দ প্রদত্ত শর্তানুসারে ব্যয় নির্বাহের জন্য আইবাস ++ সফটওয়্যারে অর্থ বিতরণ সুসম্পন্ন করা হয়েছে।

**(১) চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি (অর্থনৈতিক কোড-৩২৫২১০৫) খাত:**
পরিচালক (এম.আই.এস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিগত ২০২৫-২৬ অর্থবছরে উল্লেখিত সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহে পরিসংখ্যান পরিবীক্ষণ ও পর্যবেক্ষণান্তে চলতি ২০২৬-২৭ অর্থ বছরে অর্থনৈতিক কোড ৩২৫২১০৫-চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি (এমএসআর) খাতে মোট বরাদ্দকৃত বাজেটের ৯৯% অর্থ বিশ্লেষণ করে বিভাজন অনুযায়ী [সংশ্লিষ্ট উপজেলার মোট জনসংখ্যার উপর মোট বরাদ্দের ২০%, প্রতিটি হাসপাতালের বহি:বিভাগ ও জরুরী বিভাগে আগত মোট রোগীর সংখ্যা অনুপাতের ৫৫%, বেড অকুপেন্সি রেইট (BOR অনধিক ১০০% ধরে) অনুপাতের ১০% এবং আইপিডি পেসেন্ট-ডে (হাসপাতালে অবস্থান ধরে) ১৫% অনুপাতের ] শতভাগ (১০০%) অর্থ বরাদ্দ ও বিতরণ করা হয়েছে। একই ভাবে বিগত অর্থ বছরের ন্যায় ১৩৩৮টি সাব-সেন্টার এর প্রতিটিতে ৮,০০,০০০/-( আট লক্ষ) টাকা হিসাবে বরাদ্দ ও বিতরণ করা হয়েছে।

**(২) পথ্য (অর্থনৈতিক কোড- ৩২৫২১০৪) খাত:**
প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অনুমোদিত বেড সংখ্যা অনুপাতে সরকার নির্ধারিত ১৭৫/- টাকার হারে ১(পুরো) অর্থবছরের ১০০% (শতভাগ) বরাদ্দ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, অনুমোদিত শয্যার অতিরিক্ত ব্যয় প্রাক্কলন ও অর্থব্যয়ের সুযোগ নেই।

(৩) **পরিষ্কার পরিচ্ছন্নতা (অর্থনৈতিক কোড ৩২১১১০২),**
(৪) **অন্যান্য মনিহারী (অর্থনৈতিক কোড-৩২৫৫১০৫) খাত ও**
(৫) **আবসবাপত্র ক্রয় (৪১১২৩১৪):** খাতসমূহে চলতি(২০২৬-২৭) অর্থবছরে প্রাপ্ত বাজেটের ৯৯% অর্থ অনুমোদিত বিভাজন অনুযায়ী বিতরণ সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য, আসবাবপত্র খাতে বরাদ্দ হতে নতুন ভাবে নিয়োজিত ১০(দশ) জন আনসার সদস্যের কর্মকালীন অবস্থানের আসবাবপত্র ক্রয়/সংগ্রহে ব্যয় নির্বাহ করতে হবে।

এতদব্যতীত সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে প্রাপ্ত বরাদ্দ অনুমোদিত বিভাজন অনুযায়ী মেট্রো থানা স্বাস্থ্য কমপ্লেক্স ১টিতে মোট বাজেটের ১০০%, বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র ২৩টিতে ১০০% ভাগ এবং নগর ঔষধালয় ৩৫টিতে মোট বরাদ্দের ১০০% অর্থ অনুমোদিত বিভাজন অনুযায়ী বিতরণ করা হয়েছে।

উল্লেখিত খাতসমূহের প্রতিক্ষেত্রেই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের সর্বত্রই ইজিপি সিস্টেমে বার্ষিক ক্রয় পরিকল্পনা অন্তর্ভূক্ত উন্মুক্ত দরপত্র (ইজিপি)'র মাধ্যমে পণ্য ও সেবা ক্রয় সুসম্পন্ন করবেন।

শর্তবলী:

(ক) পাবলিক প্রকিউমেন্ট আইন, ২০০৬ (অধ্যাদেশ ২৮সেপ্টেম্বর, ২০২৫), পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা, ২০২৫ আর্থিক ক্ষমতা অর্পণ, ২০২৬ বিধিমালাসহ মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত অন্যান্য যাবতীয় Financial Propriety বজায় রেখে/নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ব্যয় নির্বাহ করতে হবে।

(খ) সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের অনুকূলে অর্থনৈতিক কোড-৩২৫০১০৫ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) কোডে বরাদ্দকৃত অর্থ বণ্টনের পুন:নির্ধারিত হার সংক্রান্ত পরিপত্র (নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৭৩ তারিখ ১০/০৯/২০১৭খ্রি.) যথাযথ প্রতিপালন করতে হবে।

উক্ত বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন আর্থিক অনিয়মত/অডিট আপত্তি উথাপিত হলে স্থানীয় ক্রয়-সত্বাধিকারী (Procuring Entity)/ডিডিও/বিল পরিশোধকারীর উপর উহার সম্পূর্ণ দায় বর্তাবে।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

15.7.2026
ডা. শেখ ইফতেখার রমহান
পরিচালক, অর্থ শাখা
directorfinance@ld.dghs.gov.bd

বিতরণ কার্যার্থে:
(১) সিভিল সার্জন ( সংশ্লিষ্ট সকল) (তার আওতাধীন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের জন্য) ।
(২) পরিচালক/সিনিয়র কনসালটেন্ট, মডেল ফ্যামিলি প্লানিং ক্লিনিক, মেডিকেল কলেজ হাসপাতাল ( সংশ্লিষ্ট সকল ডি.ডি.ও গণ)।
(৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল) ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য -

CamScanner

স্মারক নং স্বা:অধি:/বাজেট/ এমএসআর /২০২৬-২৭/০৫ তারিখঃ ১৫/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক, সমন্বয়)।
৩) অতিরিক্ত সচিব, বাজেট /জনস্বাস্থ্য /উন্নয়ন/বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫) পরিচালক, প্রশাসন/হাসপাতাল ও ক্লিনিক সমূহ/পরিকল্পনা গবেষণা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬) পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর- বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ।
৭) পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
৯) উপ-সচিব, বাজেট -১ অনুবিভাগ, বাজেট -৪ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১০) বিভাগীয় হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগ।
১১) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডিএএফও) (সকল জেলা)/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল উপজেলা)।

ডা. মোহাম্মদ আবুল বাশার সরকার
সহকারী পরিচালক (বাজেট)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

CamScanner